

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০৮.০০.০৪.০০৪.২০১৫-১০৬০

তারিখঃ ০৫/০৯/২০১৬


বিষয় : উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে
জাতীয় পর্যায়ে গঠিত কমিটির চতুর্দশ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ (উপজেলা-০১) এর স্মারক নং-১৩৫১, তারিখঃ ২৯/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির চতুর্দশ সভা কমিটির সভাপতি মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০২/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্তঃ বিবিধ -৫ঃ 'জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) - এর সাথে সামঞ্জস্য রেখে উপজেলা পরিষদসমূহের উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে সকল উপজেলা পরিষদকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করার জন্য স্থানীয় সরকার বিভাগ নির্দেশনা প্রদান করবে। জাতীয় পর্যায়ের এ কমিটির আগামী সভায় দুটি উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা পরীক্ষামূলকভাবে উপস্থাপন করতে হবে।'

এমতাবস্থায়, উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির চতুর্দশ সভায় গৃহীত সিদ্ধান্ত মতে উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১৫ কার্য-দিবসের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

- ১। চেয়ারম্যান (সকল)..... উপজেলা পরিষদ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।

অনুলিপিঃ

০১. জেলা প্রশাসক (সকল)
০২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।